# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৫৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ভীতিকালীন সময়ে জামা‘আতে এক রাকা‘আত সালাত আদায় করতে চাইলে কিভাবে আদায় করবে, তার বিবরণ

ذِكْرُ وَصْفِ صَلَاةِ الْمَرْءِ فِي الْخَوْفِ إِذَا أَرَادَ أَنْ يُصَلِّيَهَا جَمَاعَةً رَكْعَةً وَاحِدَةً

আরবী

2858 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا غُنْدَرٌ عَنْ شُعْبَةَ عَنِ الْحَكَمِ عَنْ يَزِيدَ الْفَقِيرِ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ: أَنَّ رَسُولَ الله صلى الله عليه وسلم صَلَّى بِهِمْ صَلَاةَ الْخَوْفِ فَقَامَ صَفٌّ بَيْنَ يَدَيْهِ وصَفٌّ خَلْفَهُ فَصَلَّى بِهِمْ رَكْعَةً وَسَجْدَتَيْنِ وَجَاءَ أُولَئِكَ حَتَّى قَامُوا فَقَامَ هَؤُلَاءِ فَصَلَّى بِهِمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَةً وَسَجْدَتَيْنِ فَكَانَتْ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم ركعتان ولهم ركعة واحدة.

الراوي : جَابِرِ بْن عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2858 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1133).

বাংলা

২৮৫৮. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের নিয়ে ভীতিকালীন সালাত আদায় করেন। এক কাতার তাঁর সামনে আরেক কাতার তাঁর পিছনে দাঁড়ান। তিনি তাদের নিয়ে এক রুকূ‘ ও দুই সাজদা সম্পন্ন করেন।

তারপর ঐ কাতারের লোক আসেন (যারা তাঁর সামনে ছিলেন), তারা এসে (তাঁর পিছনে) দাঁড়ান। তিনি তাদের নিয়ে এক রুকূ‘ ও দুই সাজদা সম্পাদন করেন। ফলে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দুই রাকা‘আত আর সাহাবীদের এক রাকা‘আত হয়।”[1]

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/২৬২; সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৪৭; মুসনাদ আহমাদ: ৩/২৯৮; নাসাঈ: ৩/১৭৩; আত তায়ালিসী: ১৭৮৯; তাহাবী: ১/৩১০; সুনান বাইহাকী: ৩/২৬৩।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১১৩৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92188

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন